মেহেরপুরে মেরাজের গুরুত্ব ও তাৎপর্য শীর্ষক আলোচনা সভা

মেহেরপুরে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে মেরাজের গুরুত্ব ও তাৎপর্য” শীর্ষক একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (২৭ জানুয়ারি) সকাল ১০টায় মেহেরপুর জেলা মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্র কার্যালয়ে এই অনুষ্ঠান আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনীর। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। বিশেষ অতিথি ছিলেন জেলা নিরাপদ খাদ্য অফিসার রিয়াজ মাহমুদ।

স্বাগত বক্তব্য দেন ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার ওবাইদুর রহমান। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মডেল মসজিদের ইমাম মুফতী মোঃ সাদিকুর রহমান। পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু করেন ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেইনার মাওলানা মোঃ আব্দুল হামিদ।
আলোচনা সভার সঞ্চালনার দায়িত্ব পালন করেন ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার তাওহিদুল ইসলাম।

উক্ত আলোচনা সভায় বক্তারা মেরাজের ধর্মীয় গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরেন এবং ইসলামের শাশ্বত শিক্ষাগুলো সাধারণ মানুষের মাঝে ছড়িয়ে দেওয়ার ওপর গুরুত্বারোপ করেন।